


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি বিপণন অধিদপ্তর  
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫  
[www.dam.gov.bd](http://www.dam.gov.bd)

স্মারক নং- ১২.০২.০০০০.০২০.৪১.০০১.১২- ৮২

তারিখঃ ০৬-০৮-২০১৮ খ্রিঃ

**বিষয়ঃ পবিত্র ঈদ-উল-আযহায় কোরবানীর পশুর চামড়া ছাড়ানো এবং সংরক্ষণে প্রাথমিকভাবে করণীয় সম্পর্কে কৃষি বিপণন অধিদপ্তরের পরামর্শ সম্পর্কিত বিজ্ঞপ্তি প্রচার প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ে জেলা তথ্য অফিসারের সহায়তায় সম্মানিত চামড়া ব্যবসায়ী ও সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে মাইকিং এর মাধ্যমে জরুরী ভিত্তিতে প্রচার করার জন্য সংযুক্ত প্রচারপত্র এতদসংগে প্রেরণ করা হলো।



(মোঃ মাহবুব আহমেদ)

অতিরিক্ত সচিব

ও

মহাপরিচালক

ফোনঃ ৯১১৪৩১০

e-mail: [dg@dam.gov.bd](mailto:dg@dam.gov.bd)

জেলা বাজার কর্মকর্তা/বাজার অনুসন্ধানকারী

.....।

**অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে**

- ১। সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক (সকল) .....
- ৩। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর/সিলেট বিভাগ।  
(তঁর আওতাধীন জেলা অফিসসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। জেলা তথ্য অফিসার (সকল) .....
- (সংযুক্ত প্রচারপত্রটি জেলার প্রধান প্রধান বাজারসমূহে জরুরী ভিত্তিতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ✓ ৫। ICT সেল, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইট-এ প্রকাশের জন্য)।



\*পরিকল্পিত কৃষি উৎপাদন সূষ্ঠা বিপণন ব্যবস্থার সহায়ক।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা মার্কেটিং অফিস

কৃষি বিপণন অধিদপ্তর

জেলাঃ -----

[www.dam.gov.bd](http://www.dam.gov.bd)

চামড়া বাংলাদেশের অন্যতম প্রধান রপ্তানী পণ্য। উৎকৃষ্ট মানের চামড়া প্রাপ্তির জন্য পশু জবাই-এর সময় নিম্নের পদক্ষেপসমূহ অনুসরণ করলে যেমন-চামড়ার ভালমূল্য পাওয়া যাবে তেমনি দেশও অধিক বৈদেশিক মুদ্রা অর্জনে সক্ষম হবে।

**কোরবানীর পশুর চামড়া ছাড়ানো, সংরক্ষণ এবং সংশ্লিষ্ট কার্যক্রমের ক্ষেত্রে করণীয়ঃ**

১. পশু জবাইয়ের পূর্বে পশুকে পর্যাপ্ত বিশ্রাম দিতে হবে।
২. পশু জবাইয়ের পূর্বে পশুকে পর্যাপ্ত পানি পান করাতে হবে।
৩. জবাইয়ের পূর্বে ১২ ঘন্টা পূর্ব হতে পশুকে খাদ্য সরবরাহ বন্ধ রাখা উত্তম।
৪. পশু জবাইয়ের পূর্বে পশুকে ভাল ভাবে গোসল করাতে হবে।
৫. পশু জবাইয়ের পূর্বে জবাই স্থান ভাল করে পরিষ্কার পরিচ্ছন্ন করতে হবে।
৬. জবাইয়ের জন্য প্রয়োজনীয় ধারালো ছুরি ব্যবহার করতে হবে এবং উপযুক্ত গর্ত তৈরী করে নিতে হবে।
৭. জবাইয়ের পর পশুর সমুদয় রক্ত নির্গমনের জন্য পর্যাপ্ত সময় দিতে হবে।
৮. রক্তভর্তি গর্তটি মাটি দিয়ে বন্ধ করে দিতে হবে।
৯. চামড়া ছাড়ানোর সময় লক্ষ রাখতে হবে যাতে চামড়ার সাথে মাংস ও চর্বি না থাকে, চামড়া কোন স্থান কেটে না যায় এবং তাতে কোন ময়লা না লাগে।
১০. জবাইয়ের পর চামড়া ছাড়ানোর ৪-৫ ঘন্টার মধ্যে চামড়া সংরক্ষণের জন্য চামড়ায় লবন লাগাতে হবে। জবাই ও মাংস কাঁচা শেষে সকল প্রকার বর্জ্য ভালোভাবে অপসারণ করে মাটিতে পুঁতে ফেলতে হবে।
১১. কাঁচা চামড়ার পঁচনরোধে চামড়ার ভিতরের দিকটি উপরের দিকে দিয়ে টান টান করে বিছিয়ে দিতে হবে। অতঃপর পর্যাপ্ত লবণ ছিটিয়ে চামড়ার পানি শুষে নেয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে। চামড়া বিক্রির পূর্বে এ কাজটি বার বার করা যেতে পারে।

প্রচারে –

জেলা মার্কেটিং অফিস

কৃষি বিপণন অধিদপ্তর

জেলাঃ -----

*AW*

\*পরিকল্পিত কৃষি উৎপাদন সুষ্ঠু বিপণন ব্যবস্থার সহায়ক।